



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪-১৬-৩৪৯৬

তারিখঃ ১৪/২/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ ইরেসপো প্রকল্পের আওতায় গঠিত মহিলা সমিতির সদস্যদের তথ্যসহ ছবি ও নমুনা স্বাক্ষর মাইক্রোফাইনাস এমআইএস সফটওয়্যারে আপলোড করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পের সকল কার্যক্রম এমআইএস সফটওয়্যারের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের কার্যক্রমে আরও স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য মহিলা সমিতির সদস্যদের তথ্যসহ পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ও নমুনা স্বাক্ষর সফটওয়্যারে আপলোড করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায়, পূরণকৃত জরিপ ফরম অনুযায়ী সমিতির সদস্যদের তথ্যসহ রঙ্গিন ছবি ও নমুনা স্বাক্ষর সফটওয়্যারের নির্দিষ্ট পেইজে আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২। জরিপ কার্য পরিচালনা এবং সদস্যদের তথ্যসহ রঙ্গিন ছবি ও নমুনা স্বাক্ষর সফটওয়্যারের এন্ট্রি করার জন্য প্রত্যেক সদস্যের বিপরীতে নিম্নোক্ত হারে অর্থ বরাদ্দ প্রদান করা হবেঃ

ক্রমিক নং	কাজের বিবরণ	কর্মকর্তা/কর্মচারী পদবী	টাকার পরিমাণ
০১	কার্যক্রম তদারকি করা	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা	১ টাকা
০২	জরিপ কার্যক্রম পরিচালনা	মাঠ সংগঠক	২ টাকা
০৩	তথ্যসহ রঙ্গিন ছবি ও নমুনা স্বাক্ষর আপলোড করা	হিসাব সহকারী	২ টাকা


৩। ইতোপূর্বে জরিপ খাতে বরাদ্দকৃত অর্থে যে সকল সদস্যদের জরিপ কার্য সম্পন্ন হয়েছে তাদের নতুন করে জরিপ করার এবং এর বিপরীতে অর্থ ব্যয়ের সুযোগ নেই; তবে ঐ সকল সদস্যের তথ্যসহ রঙ্গিন ছবি ও নমুনা স্বাক্ষর সফটওয়্যারে আপলোড করা খাতে অর্থ ব্যয় করা যাবে। উপজেলার সকল সদস্যের তথ্যসহ রঙ্গিন ছবি ও নমুনা স্বাক্ষর মাইক্রোফাইনাস এমআইএস সফটওয়্যারে আপলোড করার পর উপরোক্ত বিভাজন অনুযায়ী জরিপ খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে অন্যথায় সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলাঃ -----, জেলাঃ-----।


স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪-২৬-৩৪৯৬

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপ-পরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি/ সংশ্লিষ্ট নথি।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক, ইরেসপো,
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

তারিখঃ ১৪/২/২০১৬ খ্রিঃ


মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা
উপ প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩